"শে   হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।
www.dbwctp64.gov.bd

## পরিদর্শন প্রতিবেদন

কেন্দ্রের নামঃ সিলেট

পরিদর্শনের তারিখ : ১৪/১২/২০২১ খ্রিঃ
পরিদর্শনকারী কর্মকর্তা : মোঃ মনিরুজ্জামান
পদবী : প্রকল্প পরিচালক (উপসচিব)
জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা)।

**প্রকল্পের প্রধান উদ্দেশ্য :** ৪৮৬০৬ জন শিক্ষিত বেকার মহিলাদের অগ্রাধিকার প্রদানসহ আগ্রহী ছাত্রীদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে তাদের কর্মসংস্থান এবং যোগাযোগ প্রযুক্তি নির্ভর করে উদ্যোক্তা হওয়ার সুযোগ সৃষ্টি করা।

**প্রশিক্ষণ কোর্সের বিবরণ :**

- ✓ প্রশিক্ষণ কোর্সের নাম : ১) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন
  ২ গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং
- ✓ প্রশিক্ষণের মেয়াদ : ৬ মাস। প্রতি বছর ২টি ব্যাচ (জানুয়ারি থেকে জুন এবং জুলাই থেকে ডিসেম্বর)
- ✓ সিলেবাস প্রণয়ন, পরীক্ষা গ্রহণ এবং সনদ প্রদান : বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড, ঢাকা।
- ✓ প্রশিক্ষণের সময় : ৩৬০ ঘন্টা (কম্পিউটার তাত্ত্বিক-৬০ ঘন্টা, ব্যবহারিক-২৪০ ঘন্টা, বেসিক ইংলিশ-৬০ ঘন্টা)
- ✓ ভর্তির যোগ্যতা : কমপক্ষে এসএসসি/সমমান পরীক্ষায় পাশ
- ✓ বয়সসীমা : ১৫ বছর হতে ৩৫ বচর পর্যন্ত (বিধবা, স্বামী পরিত্যক্তা ইত্যাদি ক্ষেত্রে ৪৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য)
- ✓ ভর্তি ফি : ১০০০/- (এক হাজার) টাকা মাত্র (এককালীন)
- ✓ প্রতি ব্যাচে ভর্তির আসন সংখ্যা :
  ১) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন কোর্সে ২৫ জন
  ২) গ্রাফিক্স ডিজাইন এন্ড মাল্টিমিডিয়া প্রোগ্রামিং কোর্সে ২৫ জন।
- ✓ ক্লাসের সময়সূচী : সকাল ৯:৩০ মি. থেকে ১২: ৩০ মি. এবং বিকাল ২:০০ মি. থেকে ৫:০০ মি.
- ✓ ইণ্টার্ণশীপ এর সুযোগ (সময়-৬ মাস): প্রতি ব্যাচে প্রতি জেলায় ৪ জন (মাসিক ভাতা ৩০০০ টাকা হারে)।

**প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা :** ৬৪ জেলা সদরে ৬৪টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৪৮৬০৬ জনকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ এর মধ্যে সিলেট জেলার লক্ষ্যমাত্রা ৭৬৫০ জন।

**অগ্রগতি :** ৬৪ জেলা কেন্দ্রের মাধ্যমে এ পর্যন্ত মোট ৩৫৮১১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এর মধ্যে সিলেট জেলা কেন্দ্র থেকে এ পর্যন্ত মোট ৬৬৭ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং জানুয়ারি-জুন ২০২১ ও জুলাই-ডিসেম্বর ২০২১ সেশনে ১০০ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। এ পর্যন্ত ৯২ জন চাকুরি পেয়েছেন, ৪ জন উদ্যোক্তা, ১জন আউটসোর্সিং এর মাধ্যমে আয় করেন।

**জনবল :** ডিপিপি অনুযায়ী প্রতিটি জেলা কেন্দ্রে ৪ জন জনবল রয়েছে। সে মতে সিলেট জেলাকেন্দ্রে ১ জন সহকারী প্রোগ্রামার, জন প্রশিক্ষক (কম্পিউটার) এর পদ শূন্য রয়েছে। ১ জন অফিস সহায়ক ও ১ জন নৈশ প্রহরী রয়েছে।

**পরিদর্শন সম্পর্কিত মতামত :** বিগত ১৪/১২/২০২১ তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০:০০ টায় আমি জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এর সিলেট জেলা কেন্দ্র পরিদর্শন করি। পরিদর্শনকালে কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন কোর্সের ২৫ জন শিক্ষার্থীসহ অত্র কেন্দ্রের সহকারী প্রোগ্রামার, প্রশিক্ষক (কম্পিউটার) উপস্থিত ছিলেন। প্রশিক্ষণার্থীদের সাথে প্রশিক্ষণের অগ্রগতি, তাদের ভবিষৎ পরিকল্পনাসহ অন্যান্য বিষয়ে মতবিনিময় করা হয়। তারা বিভিন্ন প্রশ্নের উত্তর সাবলীলভাবে প্রদান করেন। প্রশিক্ষণার্থীগণ সময়োপযোগী তথ্য প্রযুক্তির এ কোর্সে ভর্তি হতে পেরে খুবই আনন্দিত। তাদেরকে অত্যন্ত আগ্রহ নিয়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে দেখা যায়।

সার্বিক বিবেচনায় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে প্রতীয়মান হয়েছে। সুষ্ঠু অফিস ব্যবস্থাপনায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ দেয়া হয়। প্রশিক্ষণে সংশ্লিষ্ট সকলকে প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে শতভাগ আন্তরিক থাকতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের সিলেবাস শেষ করতে হবে। ল্যাব রুমসহ অন্যান্য কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। হেল্পডেস্ক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করলে দ্রুত তথ্য প্রদান নিশ্চিত হবে। প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত যন্ত্রপাতি ও মালামাল সংগ্রহের তারিখসহ রেজিস্টারে সংরক্ষিত নেই এবং মালামালের উপর প্রকল্পের নাম পাওয়া যায়নি যা বিধি অনুযায়ী সংরক্ষণ করা প্রয়োজন। চেক রেজিষ্টার, সম্পদ রেজিস্টার, কাশবুক, সিটিআর (ব্যাংক স্টেটমেন্ট) সংযুক্তপূর্বক হালনাগাদ করে সংরক্ষণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নথি ও রেজিস্টার অনুমোদন/প্রত্যয়ন করতে হবে। পুরাতন মালামাল ও নথি কনসাইনমেন্ট এর বিষয়ে সচিবালয় নিদের্শিকা-২০১৪ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। অন্যান্য সার্বিক কার্যক্রম সন্তোষজনক।



প্রকল্পের সিলেট জেলা প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন চিত্র

<u>সুপারিশ :</u>

১। জেলাভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্প (৬৪ জেলা) এবং জাতীয় মহিলা সংস্থায় হেল্পডেস্ক স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২। অফিসের প্রবেশ মুখে স্পষ্টভাবে পড়া যায় এবং দূর থেকে দেখা যায় এমন সাইনবোর্ড টানাতে হবে।

৩। প্রচার-প্রচারণায় অধিক গুরুত্ব দিতে হবে (কার্যক্রমের তথ্য চিত্র স্থানীয় মিডিয়া, স্থানীয় ডিস চ্যানেল ও মাইকিং)।

৪। নির্ধারিত সময়ের মধ্যে বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ডের সিলেবাস শেষ করতে হবে।

৫। চেক রেজিস্টার, সম্পদ রেজিস্টার, ক্যাশবুক, সিটিআর (ব্যাংক স্টেটমেন্ট) সংযুক্তপূর্বক হালনাগাদ করে সংরক্ষণ করতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নথি ও রেজিস্টার অনুমোদিত হতে হবে।

৬। প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত সকল মালামাল ও আসবাবপত্রসমূহে প্রকল্পের নাম, প্রাপ্ত সাল উল্লেখপূর্বক রেজিস্টারে সংরক্ষণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৭। পুরাতন মালামাল ও নথি কনসাইনমেন্ট এর বিষয়ে সচিবালয়ের নিদের্শিকা ২০১৪ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৮। বাড়িভাড়া, টেলিফোন বিল ও বেতনভাতা Account Payee চেকে প্রদান করতে হবে।

৯। ল্যাবরুমসহ অন্যান্য কক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে।

১০। কম্পিউটারসহ অন্যান্য ইকুইপমেন্ট যথাযথভাবে ব্যবহার নিশ্চিত করতে হবে।

১১। আগামী ১৫ দিনের মধ্যে বর্ণিত সুপারিশ/মতামতের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে।

08/03/2022

(মোঃ মনিরুজ্জামান)
প্রকল্প পরিচালক (উপসচিব)
ফোনঃ ৫৮৩১৪৮০৪